



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2023

CC13-BENGALI

NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) সংস্কৃত সাহিত্যের ইতিহাসে আদি কবি হিসেবে কে পরিচিত? তাঁর রচিত মূল গ্রন্থের প্রতি কাণ্ডের পুস্পিকায় কি উল্লেখ আছে? তার কাব্য আর কি কি নামে পরিচিত?
- (খ) মহাভারত এবং লোকবৃত্তান্ত আশ্রিত ভাস রচিত কয়েকটি নাটকের নাম উল্লেখ করো।
- (গ) ফণীশ্বরনাথ রেণু হিন্দি কথাসাহিত্যে কি জাতীয় উপন্যাস রচনায় কৃতিত্ব দেখিয়েছেন? তাঁর সৃষ্টি সেই জাতীয় কয়েকটি উপন্যাসের নাম লেখো।
- (ঘ) কবি মৈথিলীশরণ গুপ্তের স্বদেশচেতনামূলক কয়েকটি কাব্যের নাম এবং তার প্রকাশকাল উল্লেখ করো।
- (ঙ) শেক্সপীয়ারের কোন্ নাটকগুলি 'ডার্ক কমেডি' নামে পরিচিত? এরূপ বলার কারণ সংক্ষেপে লেখো।
- (চ) 'দ্য ওয়েস্টল্যান্ড' কাব্যটির রচয়িতার নাম কী? কাব্যটি কোন্ সালে প্রকাশিত হয়? এটি কোন্ যুদ্ধের পটভূমিকায় রচিত হয়েছিল?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) 'মেঘদূতম্' কাব্য অবলম্বনে কবি কালিদাসের সৌন্দর্যচেতনা ও বিরহানুভূতির পরিচয় দাও।
- (খ) বাণভট্টের 'হর্ষচরিতম্'-কে আখ্যায়িকা এবং 'কাদম্বরী'-কে কথা বলার কারণ কি? তা আলোচনা করো।
- (গ) ছায়াবাদ কী? ছায়াবাদী কাব্যান্দোলনের প্রবর্তক কবিদের মধ্যে সুমিত্রানন্দন পন্থ-এর কাব্যধারার আলোচনা করো।
- (ঘ) হিন্দি সাহিত্যের ইতিহাসে নাট্যকার ভারতেন্দু হরিশ্চন্দ্রের ভূমিকা ও গুরুত্ব কতখানি, আলোচনা করো।
- (ঙ) বাংলা সাহিত্যে শেক্সপীয়ারের নাটকের প্রভাব আলোচনা করো।
- (চ) ওয়ার্ডসওয়ার্থের 'টু দ্য স্কাইলার্ক'-এর সঙ্গে শেলীর 'টু আ স্কাইলার্ক' কবিতার পার্থক্য কোথায়? তা আলোচনা করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) 'মুছকটিকম্' নাটকটির কাহিনী বিশ্লেষণ করো। নাটকটিকে সংস্কৃত নাট্য সাহিত্যের অভিনব সৃষ্টি বলা যায় কিনা, আলোচনা করো।
- (খ) প্রেমচন্দ্রের গল্পে উপেক্ষিত ও নিপীড়িত মানুষের যে ছবি ফুটে উঠেছে তা তাঁর গল্প অবলম্বনে আলোচনা করো।
- (গ) কোলরিজের কাব্যগুলির পরিচয় দিয়ে সংক্ষেপে তাঁর কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (ঘ) চার্লস ডিকেন্সের যুগপরিবেশ উল্লেখ করে তাঁর রচিত উপন্যাসের মূল্যায়ন করো।

—x—